

এসএসসিতে সব রেকর্ড ভাঙ

১০ বোর্ডে পাসের হার ৭৯ দশমিক ৯৮ শতাংশ • জিপিএ-৫ পেয়েছে ৮২,৯৬১



শিক্ষার্থীদের পর উৎসব হাঙ্গামা উত্তরা মডেল স্কুল এন্ড কলেজের পূর্বদপ্তরে

■ শিক্ষার্থীদের হতাশা
দেশের দশটি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ২০১০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) ও সমমানের পরীক্ষার ফল গতকাল পনিবার একযোগে প্রকাশিত হয়েছে। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ সচিবালয়ে তার কার্যালয়ে এ ফল ঘোষণা করেন।
শ্রেষ্ঠ পদ্ধতিতে ফল প্রকাশের দশম বছরে এবার পাসের হার অতীতের সর্বোচ্চ স্তরে উন্নীত হয়েছে। বেড়েছে জিপিএ-৫ এর সংখ্যা। সিলেট বোর্ডে প্রতিটি শিক্ষা বোর্ডেই পাসের হার অতীতের সর্বোচ্চ সময়ের চেয়ে বেশি।
সারা দেশে ১০টি শিক্ষা বোর্ডে পাসের হার ৭৯ দশমিক ৯৮ শতাংশ। এ হার গতবারের চেয়ে ৯ দশমিক ০৯ শতাংশ বেশি। গতবার পাসের হার ছিল ৭০ দশমিক ৮৯। এবার ১০ বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৮২ হাজার ৯৬১ জন। গতবারের চেয়ে এ সংখ্যা ২০ হাজার ৬৫৪ জন বেশি।
এবার ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে পাসের হার ৭৮ দশমিক ১৯ শতাংশ। এই ৮টি শিক্ষা বোর্ডে জিপিএ-৫ পেয়েছে ৬২ হাজার ১০৪ জন শিক্ষার্থী। গতবার এ সংখ্যা ছিল ৪৫ হাজার ৯০৪ জন। প্রতিবারের মতো এবারো শহরের স্কুলগুলোর ভাল ও উর্ধ্বগণিত ফল অর্জিত হয়েছে। তবে সেরা ফল নির্ধারণে নতুন পদ্ধতি চালু করার ক্যাডেট ও মডেল স্কুলগুলো শীর্ষের তালিকায় উঠে এসেছে। গতকাল এসএসসির ফল প্রকাশের সঙ্গে সঙ্গে ভাল ফল করা স্কুলগুলোতে নেমে আসে আনন্দের বন্যা। সকাল থেকেই মুখরিত হয়ে ওঠে এসব স্কুল গ্রামণ। কল্যাণের গুর সেরাফলকার অতিপ্রিয়ক, ছাত্র-ছাত্রীরা অবশ্যে আনন্দে হতে পড়ে। একে-অপরকে জড়িয়ে ধরে আনন্দের কৃত তৈরি করে বন্দা বাজিয়ে, হৈ-হুল্লাহু করে হাতে হাতে মেখে নিতে-পেতে আনন্দ জাগৃতানি করে জিপিএ-৫ এর পর পূর্ণাঙ্গ কলায়

-ইত্তেফাক